

🗏 আল-ওয়াকিয়া | Al-Waqi'a | ٱلْوَاقِعَة

আয়াতঃ ৫৬:২১

আরবি মূল আয়াত:

وَ لَحمِ طَيرٍ مِّمَّا يَشتَهُونَ ﴿٢١﴾

আর পাখির গোশ্ত নিয়ে, যা তারা কামনা করবে। — আল-বায়ান আর পাখীর গোশত যেটা তাদের মনে চাইবে, — তাইসিরুল আর তাদের ঈস্পিত পাখীর গোশত দিয়ে; — মুজিবুর রহমান

And the meat of fowl, from whatever they desire. — Sahih International

২১. আর তাদের ঈন্সিত পাখীর গোশত নিয়ে।(১)

(১) অর্থাৎ রুচিসম্মত পাখির গোশত। হাদীসে এসেছে, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে কাউসার সম্পর্কে জিজ্ঞেস করা হলে তিনি বললেন, এটা এমন এক নাহর যা আমাকে আল্লাহ্ জান্নাতে দান করেছেন। যার মাটি মিসকের, যার পানি দুধের চেয়েও সাদা, আর যা মধু থেকেও সুমিষ্ট। সেখানে এমন এমন উঁচু ঘাড়বিশিষ্ট পাখিসমূহ পড়বে যেগুলো দেখতে উটের ঘাড়ের মত। তখন আবু বকর রাদিয়াল্লাহু 'আনহু বললেন, হে আল্লাহর রাসূল! এগুলো তো অত্যন্ত আকর্ষণীয় হবে। তিনি বললেন, যারা সেগুলো খাবে তারা তাদের থেকেও আকর্ষণীয়।" [মুসনাদে আহমাদ; ৩/২৩৬, তিরমিয়ী: ২৫৪২, আল-মুখতারাহ: ২২৫৮]

তাফসীরে জাকারিয়া

(২১) আর তাদের পছন্দমত পাখীর গোশত নিয়ে।

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=5000

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন